গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইনস্ট্রাকটর এর কার্যালয়
উপজেলা রিসোর্স সেন্টার
চরভদ্রাসন, ফরিদপুর।

ইনস্ট্রাকটর, ইউআরসি, চরভদ্রাসন, ফরিদপুর
এবং
সুপারিনটেনডেন্ট, পিটিআই, ফরিদপুর এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

ব্যপ্তিকাল : জুলাই ০১, ২০২৪- জুন ৩০, ২০২৫ খ্রিষ্টাব্দ।

# সূচিপত্র

## উপজেলা রিসোর্স সেন্টার, চরভদ্রাসন, ফরিদপুর -এর কর্মসম্পাদনের সার্বিক চিত্রঃ

**সেকশন- ১:** ইউআরসি, **চরভদ্রাসন, ফরিদপুর** এর রূপকল্প (Vission) অভিষ্ঠলক্ষ (Mission) কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলী।

**সেকশন- ২:** কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ।

সেকশন-৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্য মাত্রা সমূহ।

**সংযোজনী- ৪:** শব্দ সংক্ষেপ (Acronyms).

# ভূমিকা

প্রাথমিক শিক্ষার গুনগত মান নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। প্রশিক্ষণ কার্যক্রম মাঠপর্যায়ে বিস্তরণের লক্ষ্যে সরকার ১৯৯৮-২০০৪ সাল পর্যন্ত ৪৮১টি উপজেলা/থানায় একটি করে ইউআরসি/টিআরসি স্থাপন করেন। বিভিন্ন সময়ে আরও ২৪টি উপজেলা বৃদ্ধি পেলে ২০১৩ সালে আরও ২৪টি ইউআরসি স্থাপন করা হয়। পূর্বে উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ইউআরসি স্থাপন ও জনবল নিয়োগ করা হলেও ২০০৫ সালে জনবলসহ ইউআরসি রাজস্ব খাতে স্থানান্তরিত হয়। বর্তমানে ইউআরসি'র জনবল সম্মানের সহিত দায়িত্ব পালন করে চলছেন। ইউআরসিতে নানা প্রতিবন্ধকতা থাকা সত্বেও সাম্প্রতিক বছরগুলোতে তার উপর অর্পিত দায়িত্ব যথাসময়ে যথাযথ ভাবে সুসম্পন্ন হয়েছে। ইউআরসি তার উপর অর্পিত দায়িত্ব পালনে ভিশন ২০২১ এবং ২০৪১ সরকারের নেয়া পদক্ষেপগুলোকে এগিয়ে নিতে সদা প্রস্তত।এমডিজি,এসডিজি এবং মাননীয় প্রধানমন্ত্রীর গত ১২ ডিসেম্বর ২০২২ সালে ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মানে ইউআরসি কর্মকর্তাগণ আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে।কর্তৃপক্ষের যে কোন নির্দেশনা বাস্তবায়নে ইউআরসি কর্মকর্তাগণ সদা প্রস্তত থাকবে ইনশাল্লাহ।

# ইউআরসি, চরভদ্রাসন, ফরিদপুর এরকর্মসম্পাদনের সার্বিক চিত্র

**(Overview of the performance of the URC, Muksudpur, Gopalgonj)**

## সাম্প্রতিক বছরসমূহের (বিগত ৩ বছরের) প্রধান অর্জন সমূহ-

প্রাথমিক শিক্ষার গুরুত্ব উপলব্ধি করে ইউআরসি স্থাপনের পর হতে সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে ইউআরসি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। শ্রেণিকক্ষে শিক্ষকদের পাঠদানের মান উন্নয়নসহ বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের প্রশাসনিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ইউআরসি বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মশালা বাস্তবায়িত করছে। অত্র ইউআরসি'তে বিগত ৪ বছরের পিইডিপি-৪ এর অর্থায়নে বিষয়ভিত্তিক বাংলা ০৬ ব্যাচ, বিষয়ভিত্তিক ইংরেজি ০২ ব্যাচ, বিষয়ভিত্তিক প্রাথমিক গণিত ০২ ব্যাচ,গণিত অলিম্পিযাড কৌশল ব্যবহার করে ০৪ ব্যাচ, বাংলাদেশ ও বিশ্বপরিচয় ০২ ব্যাচ, বিষয়ভিত্তিক বিজ্ঞান ০৩ ব্যাচ, ডিউপার্ট সম্বলিত বিষয়ভিত্তিক বিজ্ঞান ০২ ব্যাচ, লিডারশিপ ০৪ ব্যাচ, প্রাক প্রাথমিক শিক্ষা ০১ ব্যাচ, চারুকারু ০১ ব্যাচ, শারীরিক শিক্ষা ০১ ব্যাচ, মার্কার ০৭ ব্যাচ, টিএসএন ০২ ব্যাচ, ইনডাকশন ০৩ ব্যাচ,শিক্ষাক্রম বিস্তরণ ০৯ ব্যাচ, বিষয়ভিত্তিক সঙ্গীত ০২ ব্যাচ, চাহিদাভিক্তিক সাব-ক্লাস্টার ০৩ ব্যাচ প্রশিক্ষণ পরিচালনা করছে। Training Tracking Software-এর আওতায় সকল শিক্ষকের Training সংক্রান্ত যাবতীয় তথ্যাদি সন্নিবেশিত হয়েছে। সাব-ক্লাস্টার প্রশিক্ষণটি চাহিদাভিত্তিক হওয়ায় বিগত ০৪ বছরে সাব-ক্লাস্টার প্রশিক্ষণের ম্যানুয়াল ইউআরসি প্রণয়ন করে সহকারী উপজেলা শিক্ষা অফিসারের সাথে তার সহযোগী সকল প্রশিক্ষককে নিয়ে ম্যানুয়াল অবহিতকরণ সভা করেছেন। নিয়মিত বিদ্যালয় পরিদর্শণ,সাব-ক্লাস্টার প্রশিক্ষণ পরিদর্শণ এবং পাক্ষিক সভায় অংশগ্রহণ করে বিদ্যালয়ের শিক্ষকদের পাঠদান ব্যবস্থা মানসম্মত করার লক্ষ্যে কাজ করা হচ্ছে। বিভাগীয় কর্মসম্পাদনের পাশাপাশি সরকার কর্তৃক বিভিন্ন আদেশ,নির্দেশ,সভা সেমিনার, বার্ষিক ও সাংস্কৃতিক প্রতিযোগিতা, চিত্রাংকন,ডিজিটাল মেলা,শিক্ষাপোকরণমেলা,মিনামেলা,বিভিন্ন দূর্যোগ মোকাবেলায় দায়িত্ব পালন ও ত্রাণ কার্যক্রম পরিচালনায় সাহায্য করা,মা ও অভিভাবক সমাবেশ,উঠোন বৈঠক,বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ টুর্ণামেন্টে সহযোগিতাদান,মাসিক সমন্বয় সভা,জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করে যাচ্ছে। প্রতিটি বিদ্যালয়ে শতভাগ মিড্-ডে মিল নিশ্চিত করণের জন্য কাজ করা হচ্ছে।শিক্ষক ডাটা বেইজ প্রস্তুত করা হয়েছে। এবং প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে বিভিন্ন আবদান রেখে চলেছি এবং বিভিন্ন আলোচনা অনুষ্ঠানে অংশগ্রহণ করে সরকারের নেয়া ভিশন ২০২১ ও স্মার্ট বাংলাদেশ ২০৪১ বাস্তবায়নে সরকারের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে দায়িত্ব পালন করে যাচ্ছে।

# উপজেলা রিসোর্স সেন্টার, চরভদ্রাসন, ফরিদপুর এর কর্ম সম্পাদনের সার্বিক চিত্র

# (Overview of the Performance of the URC, Charvadrason, Faridpur)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

### সাম্প্রতিক বছর সমূহের প্রধান অর্জন সমূহঃ

প্রাথমিক শিক্ষা হলো সকল শিক্ষার মূলভিত্তি। প্রাথমিক শিক্ষার গুরুত্ব উপলব্ধি করে বর্তমান সরকার সমতাভিত্তিক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সম্প্রতি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব জনিত পরিস্থিতির মোকাবেলা ও এতদসংক্রান্ত সংকট থেকে উত্তরণের লক্ষ্যে স্থানীয় প্রশাসনের সাথে নিবিড়ভাবে কাজ করে যাচ্ছে ইউআরসি। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা যেন তাঁদের পাঠগত অবস্থান থেকে পিছিয়ে না পরে সেজন্য বিদ্যালয়ের শিক্ষকরা শিক্ষার্থীদের বাড়ি বাড়ি গিয়ে ওয়ার্কশীট প্রদান, ওয়ার্কশীট মূল্যায়ন এবং গুগলমিট এর মাধ্যমে ভার্চুয়াল পদ্ধতিতে ক্লাস পরিচালন মনিটরিং শিক্ষকদের সাথে ভার্চুয়াল মিটিং এর মাধ্যমে শিক্ষার্থী/অভিভাবকদের সাথে যোগাযোগ করে পড়ালেখা চলমান রাখার জন্য নিয়মিত যোগাযোগ করার পরামর্শ প্রদান করা হয়েছে। তাছাড়া শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য উপজেলা রিসোর্স সেন্টারে বিভিন্ন ধরণের প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। নিম্নে অর্থবছর ভিত্তিক প্রশিক্ষণের তথ্যচিত্র উপস্থাপন করা হলোঃ

| ক্র: নং | প্রশিক্ষণের নামসমূহ | অর্থবছর সমূহ | | | | | | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | |
| ০১ | বিষয়ভিত্তিক প্রশিক্ষণ বাংলা | - | ৭৫ | - | - | ২৫ | - | ৯০ | - | ৬০ | ২৫০ |
| ০২ | বিষয়ভিত্তিক প্রশিক্ষণ ইংরেজি | ৭৫ | - | ৫০ | ৫০ | ৫০ | - | ৬০ | - | | ২৮৫ |
| ০৩ | বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রাথমিক গণিত | ৫০ | ৫০ | ২৫ | - | - | - | - | - | | ১২৫ |
| ০৪ | বিষয়ভিত্তিক প্রশিক্ষণ বাংলাদেশ ও বিশ্বপরিচয় | - | ৭৫ | - | - | ২৫ | - | ৬০ | - | | ১৬০ |
| ০৫ | বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রাথমিক বিজ্ঞান | - | - | ২৫ | - | ২৫ | - | ৬০ | | | ১১০ |
| ০৬ | বিষয়ভিত্তিক প্রশিক্ষণ শারীরিক শিক্ষা | - | ৫০ | - | - | - | - | ৩০ | | | ৮০ |
| ০৭ | বিষয়ভিত্তিক প্রশিক্ষণ সংগীত | - | - | - | - | ৬০ | - | ৩০ | | | ৯০ |
| ০৮ | বিষয়ভিত্তিক প্রশিক্ষণ চারু ও কারুকলা | - | - | ৬০ | - | - | - | ৩০ | | | ৯০ |
| ০৯ | প্রাক-প্রাথমিক শিক্ষা প্রশিক্ষণ | ৪০ | ২৫ | ১৮ | ২৫ | - | - | - | | | ১০৮ |
| ১০ | লিডারশীপ প্রশিক্ষণ | ২৫ | ২৫ | ৫০ | - | ২৫ | - | - | | | ১২৫ |
| ১১ | মার্কার প্রশিক্ষণ (সিটিআই) | - | ৬০ | ৩০ | ১২০ | ১৫ | ৫৬ | - | | | ২৮১ |
| ১২ | টিএসএন প্রশিক্ষণ | - | ৬০ | ৩০ | - | - | - | - | | | ৯০ |
| ১৩ | চাহিদা ভিত্তিক সাব-ক্লাস্টার প্রশিক্ষণ | - | - | - | ৩০ | - | - | - | | | ৩০ |
| ১৪ | ইনডাকশন প্রশিক্ষণ | - | - | - | ২৫ | - | - | - | | | ২৫ |
| ১৫ | শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণ | - | - | ৬০ | - | - | - | - | | | ৬০ |
| ১৬ | প্রধান শিক্ষকদের একাডেমিক তত্ত্বাবধান প্রশিক্ষণ | - | ২৫ | ২৫ | - | - | - | - | | | ৫০ |
| ১৭ | ইংলিশ ইন একশন | - | ৬৭ | - | - | - | - | - | - | | ৬৭ |
| ১৮ | গণিত অলিম্পিয়াড কৌশল ব্যবহার করে বিভি গণিত প্রশিক্ষণ | | | | | | | ৬০ | ৬০ | | ১২০ |
| ১৯ | ডিউপার্ট সম্বলিত বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রাথমিক বিজ্ঞান | | | | | | | ৬০ | - | | ৬০ |
| ২০ | প্রাক প্রাথমিক ইনডাকশন | | | | | | | | | ১৮ | ১৮ |
| ২১ | শিক্ষাক্রম বিস্তরণ বিষয়ক | | | | | | | | | ২৭০ | ২৭০ |
| | সর্বমোট: | ১৯০ | ৫১২ | ৩৭৩ | ২৫০ | ২২৫ | ৫৬ | ৪৮০ | ৬০ | ৩৪৮ | ২৪৯৪ |

পুরুষ: ১৬২০ জন, মহিলা: ৮৭৪ জন, সর্বমোট: ২৪৯৪ জন

# সমস্যা ও চ্যালেঞ্জ সমূহ

উপজেলা রিসোর্স সেন্টার হতে বিভিন্ন বিষয়ে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়। অত্র উপজেলায় ৫৪টি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ৩৯৫ জন শিক্ষক কর্মরত। বিষয়ভিত্তিক বাংলা, ইংরেজি, গণিত, বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং প্রাথমিক বিজ্ঞান বিষয়ে প্রত্যেক বিদ্যালয় থেকে কমপক্ষে ২ জন করে এবং শিক্ষাক্রম বিস্তরণ ২৭০ জন শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেছেন । কিন্তু চারু ও কারু, সংগীত ও শারীরিক শিক্ষা বিষয়ে প্রত্যেক বিদ্যালয় থেকে এখনও পর্যন্ত ২ জন করে শিক্ষক প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয় নাই। শিক্ষকগণ প্রশিক্ষণ গ্রহণ করলেও বাস্তবে প্রয়োগের ঘাটতি রয়েছে। শিক্ষকগণের মানসিক অবস্থার পরিবর্তন না হওয়া এবং আন্তরিকতার ঘাটতি থাকা।

## এছাড়াও আরো যে সকল চ্যালেঞ্জ রয়েছে-

** ইউআরসিতে পর্যাপ্ত জনবল না থাকা।

** ইউআরসির নিজস্ব বাজেট বিভাজনের ব্যবস্থা না থাকা।

** ইউআরসিতে গ্রন্থাগার না থাকা।

** ইউআরসির নিজস্ব প্রশিক্ষণ চাহিদা নিরুপনের ব্যবস্থা না থাকা।

** ইউআরসিতে প্রার্থণা কক্ষ না থাকা।

** ইউআরসিতে ইন্টারনেট সংযোগ না থাকা।

** ইউআরসিতে ক্যান্টিনের ব্যবস্থা না থাকা।

** দূরের প্রশিক্ষণার্থীদের থাকার জন্য আবাসিক ব্যবস্থা না থাকা।

** প্রশিক্ষণের জরুরী প্রয়োজনীয় তথ্যপত্র সরবরাহ করার জন্য ফটোকপিয়ার মেশিন না থাকা।

** প্রশিক্ষণার্থীদের মোটর সাইকেল রাখার জন্য শেড না থাকা।

** প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কক্ষে শীততাপ নিয়ন্ত্রণের ব্যবস্থা না থাকা।

** ডিজিটাল কন্টেন্ট তৈরী ও পাঠদান করা।
** শিক্ষক ও শিক্ষার্থীর আইডি কার্ড করানো।
** এসআরএম নিয়মিত পঠনের ব্যবস্থা করানো।
** পর্যাপ্ত বই এর ব্যবস্থা না থাকা।
** পর্যাপ্ত কম্পিউটারের ব্যবস্থা না থাকা।
** মহিলাদের জন্য আলাদা ওয়াশরুম না থাকা।
** বিদ্যুতের বিকল্প ব্যবস্থা না থাকা ইত্যাদি।

# উপক্রমণিকা:

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতাধীন দপ্তর সমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং  সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে এসডিজি ২০৩০ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সুপারিনটেনডেন্ট পিটিআই,ফরিদপুর

এবং

ইনস্ট্রাকটর,উপজেলা রিসোর্স সেন্টার, চরভদ্রাসন, ফরিদপুর

এর মধ্যে   ২৫/০৬/২০২৩  খ্রিষ্টাব্দ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয় পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলঃ

## সেকশন  -১

উপজেলা রিসোর্স সেন্টার, চরভদ্রাসন, ফরিদপুর রুপকল্প (Vision), অভিলক্ষ্য(Mission), কৌশলগত উদ্দেশ্য সমূহ  এবং কার্যাবলী

### ১.১ রুপকল্প(Vision):

ফরিদপুর জেলার অর্ন্তগত চরভদ্রাসন উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের প্রশিক্ষণের মাধ্যমে পেশাগত দক্ষত বৃদ্ধি করে মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission) :

ধারাবাহিক প্রশিক্ষণ ও একাডেমিক সহায়তা প্রদানের মাধ্যমে শিক্ষকদের চাকুরীকালীন পেশাগত দক্ষতার উন্নয়ন।

### ১.৩ কৌশলগত  উদ্দেশ্য (Strategic Objectives):

১.৩.১ উপজেলা রিসোর্স সেন্টার, চরভদ্রাসন, ফরিদপুর এর কৌশলগত উদ্দেশ্য সমূহ:

১) মানসম্মত প্রশিক্ষণ নিশ্চিত করা।
২) প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের স্বল্পকালীন চাহিদা নিরূপন করে বৈষম্যহীন প্রশিক্ষণ সম্প্রসারণ করা।
৩) প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা।